[redacted]

[redacted] [redacted] [redacted] [

দামুড়হুদায় গোডাউন থেকে ১ হাজার ৫০০ বস্তা সার জব্দ, সিলগালা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় নাঈম অটোমোবাইল ও বীজ ভান্ডারের গোডাউন থেকে প্রায় ১ হাজার ৫০০ বস্তা সার জব্দ করেছে উপজেলা কৃষি অফিস। এ ঘটনায় গোডাউনটি সিলগালা করা হয়েছে। এ ছাড়া দামুড়হুদা মডেল থানায় নিয়মিত মামলা করা হয়েছে।

গতকাল শনিবার রাত ৮টার দিকে উপজেলার হাউলি মোড়ে অবস্থিত গোডাউনটিতে অভিযান চালিয়ে এসব সার জব্দ করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষ্ণ সরকার। পরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সাজ্জাদ হোসেন ঘটনাস্থলে উপস্থিত হয়ে গোডাউনটি সিলগালা করার নির্দেশ দেন।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের মৃত মফিজুল ইসলাম ওরফে মফির ছেলে নাঈম উদ্দীন নাঈম অটোমোবাইল ও বীজ ভান্ডারের মালিক। তিনি বিএডিসির সারের ডিলার। চলতি মাসে সরকারি বরাদ্দের আওতায় তাঁর হিসাবে আসা সার কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে বলে জানা গেছে।

গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা কৃষি কর্মকর্তা কৃষ্ণ সরকার নতুন হাউলি গ্রামের ওই গোডাউনে অভিযান চালান। এ সময় সেখানে টিএসপি সার ৩৭০ বস্তা, ডিএপি সার ১ হাজার ১২০ বস্তা এবং এমওপি সার ১০ বস্তা পাওয়া যায়। মোট প্রায় ১ হাজার ৫০০ বস্তা সার অবৈধভাবে মজুত রাখার অভিযোগে সেগুলো জব্দ করা হয়। পরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সাজ্জাদ হোসেনের নির্দেশে গোডাউনটি সিলগালা করা হয় এবং দামুড়হুদা মডেল থানায় নিয়মিত মামলা করা হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা কৃষ্ণ সরকার বলেন, “আমরা জানতে পারি, নাঈম অটোমোবাইল ও বীজ ভান্ডারের গোডাউনে সার মজুত রয়েছে। পরে হাউলি গ্রামের ওই গোডাউনে অভিযান চালিয়ে টিএসপি, ডিএপি ও এমওপি সারসহ মোট প্রায় ১ হাজার ৫০০ বস্তা সার জব্দ করা হয়। গোডাউনটি

সিলগালা করা হয়েছে এবং নিয়মিত মামলা করা হয়েছে।”

অভিযানে সহযোগিতা করেন উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই সিয়াবুল ইসলাম, এসআই উত্তম কুমারসহ পুলিশের সদস্যরা।

সড়ক দুর্ঘটনায় দামুড়হুদার দুইজনসহ নিহত ৩, আহত ১৬

মুন্সীগঞ্জে ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি কাভার্ড ভ্যানের পেছনে দর্শনা ডিলাক্স পরিবহনের একটি কোচের ধাক্কায় তিনজন নিহত হয়েছেন।

এ ঘটনায় আহত হয়েছেন আরও ১৬ জন। নিহতদের মধ্যে দুজন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাসিন্দা। এ ঘটনায় নিহতদের পরিবার ও স্বজনদের মধ্যে শোকের মাতম চলছে।

নিহতরা হলেন, চুয়াডাঙ্গা শহরের স্টেডিয়ামপাড়ার বাসিন্দা দর্শনা ডিলাক্স কোচের সুপারভাইজার মো. রঞ্জু (৪৫), দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পূর্বপাড়ার মিলন কুমারের ছেলে নওমুসলিম আব্দুল্লাহ ওরফে চন্দন (২১) এবং একই ইউনিয়নের শিবনগর গ্রামের মিজানুর রহমানের ছেলে সালাউদ্দিন (২৪)।

আব্দুল্লাহ ওরফে চন্দন দর্শনা ডিলাক্স কোচের হেলপার হিসেবে কর্মরত ছিলেন। অন্যদিকে, সালাউদ্দিন ঢাকার খিলগাঁও এলাকায় ওয়ালটন কোম্পানিতে চাকরি করতেন। কর্মস্থলে যোগ দিতে গতকাল তিনি বাড়ি থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়েছিলেন। তবে পথেই সড়ক দুর্ঘটনায় তাঁর মৃত্যু হয়।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি কাভার্ড ভ্যানের পেছনে দর্শনা ডিলাক্স পরিবহনের কোচটি ধাক্কা দিলে এ দুর্ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলে বা পরে তিনজনের মৃত্যু হয় এবং আহত হন আরও ১৬ জন।

একই উপজেলার দুই তরুণের এমন মর্মান্তিক মৃত্যুতে কার্পাসডাঙ্গা ইউনিয়নের পূর্বপাড়া ও শিবনগর গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।

বিশেষ করে কর্মস্থলে ফেরার পথে সালাউদ্দিনের মৃত্যুর খবরে তাঁর পরিবার ও স্বজনদের মধ্যে শোকের মাতম চলছে।
দামুড়হুদা মডেল থানার পুলিশ দুর্ঘটনায় নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে।

দামুড়হুদার জুড়ানপুরে আল মাসুম বাবুর মোটরসাইকেল শোভাযাত্রায় জনসমুদ্র

দামুড়হুদার ০১ নং জুড়ানপুরবাসীর ভালোবাসায় মুগ্ধ হয়েছেন আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী আল মাসুম বাবু। আজ শুক্রবার বিকেল ৩ টার দিকে ০১ নং জুড়ানপুর ইউনিয়নে এক বিশাল মোটরসাইকেল শোভাযাত্রার আয়োজন করা হয়।

শোভাযাত্রাটি ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এতে শত শত নেতাকর্মী ও সাধারণ জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। সাধারণ মানুষের অকৃত্রিম ভালোবাসা ও সমর্থনে মোটরসাইকেল শোভাযাত্রাটি এক পর্যায়ে জনসমুদ্রে পরিণত হয়।

শোভাযাত্রা শেষে সংক্ষিপ্ত পথসভায় চেয়ারম্যান পদপ্রার্থী আল মাসুম বাবু বলেন, “আপনারা আমার আপনজন। আপনাদের এই ভালোবাসা ও সমর্থন আমাকে মুগ্ধ করেছে। আমি আপনাদেরই সন্তান, আপনাদেরই ভাই। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আপনাদের দোয়া ও সমর্থন নিয়ে জুড়ানপুরের উন্নয়নে কাজ করতে চাই।”

তিনি আরও বলেন, “আমার শ্রদ্ধেয় চাচা সাবেক উপজেলা চেয়ারম্যান ফজলুর রহমানের আদর্শকে বুকে ধারণ করে আমি জুড়ানপুরকে একটি আধুনিক, উন্নত ও মাদকমুক্ত মডেল ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে চাই। আপনারা পাশে থাকলে এই পরিবর্তন সম্ভব।”

এ সময় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, যুবসমাজ ও বিভিন্ন শ্রেণী- পেশার মানুষ উপস্থিত ছিলেন। উপস্থিত জনতা হাত তুলে আল মাসুম বাবুকে সমর্থন জানান এবং নির্বাচনে বিজয়ী করার প্রত্যয় ব্যক্ত করেন।

দামুড়হুদায় ১৮ কেজি ৫০০ গ্রাম গাঁজাসহ নারী গ্রেপ্তার

দামুড়হুদায় বিশেষ অভিযান চালিয়ে ১৮ কেজি ৫০০ গ্রাম গাঁজাসহ শরিফা খাতুন (৩৫) নামে এক নারীকে গ্রেপ্তার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-১২-এর মেহেরপুর ক্যাম্পের সদস্যরা।

শুক্রবার (২৩ অক্টোবর) দুপুর ১২টা ১৫ মিনিটের দিকে দামুড়হুদা উপজেলার জয়রামপুর গাতিরপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। গ্রেপ্তার শরিফা খাতুন দামুড়হুদা উপজেলার গোবিন্দহুদা গ্রামের বাসিন্দা। তিনি মো. হারুনুর রশিদের স্ত্রী।

এসআরবি-১২-এর সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের সহকারী পুলিশ সুপার ও ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার হান্নান হাওলাদারের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, এসআরবি-১২-এর অধিনায়কের নির্দেশনায় সিপিসি-৩-এর একটি আভিযানিক দল মাদকবিরোধী অভিযান চালিয়ে শরিফা খাতুনকে গ্রেপ্তার করে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দাবি, প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি দীর্ঘদিন ধরে লোকচক্ষুর আড়ালে মাদকদ্রব্য কেনাবেচার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) ধারার ১৯(গ) উপধারায় দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে।

মাদকবিরোধী অভিযান অব্যাহত রেখে মাদকমুক্ত বাংলাদেশ গঠনে কাজ করার প্রত্যয় জানিয়েছে এসআরবি-১২-এর সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্প।

দামুড়হুদায় আওয়ামী লীগ নেতা মামুন গ্রেপ্তার

দামুড়হুদায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় মো. মামুন অর রশিদ (৪৫) নামে আওয়ামী লীগের এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (২০ অক্টোবর) দিবাগত গভীর রাতে উপজেলার কালিয়া বকরি গ্রামে নিজ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত কালিয়া বকরি গ্রামের মুরাদ আলীর ছেলে। পুলিশ জানায়, গ্রেপ্তার আওয়ামী লীগের সাংস্কৃতিক সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য।

দামুড়হুদা মডেল থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন জানান, মামুন অর রশিদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলা রয়েছে। বুধবার (২১ অক্টোবর) দুপুরে তাঁকে আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় পুকুরে ডুবে ৮ বছরের শিশুর মৃত্যু

দামুড়হুদা উপজেলার জয়রামপুরে পুকুরে ডুবে মো. জুনাইদ নূর ইসলাম
(৮) নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরে উপজেলার জয়রামপুর স্টেশনপাড়া এলাকার হালসাপাড়ায় এ ঘটনা ঘটে। নিহত জুনাইদ নূর ইসলাম জয়রামপুর স্টেশনপাড়ার বাসিন্দা মো. রুবেল মন্ডলের ছেলে।

পরিবারের দেওয়া তথ্য অনুযায়ী, মঙ্গলবার দুপুর আনুমানিক সাড়ে ১২টার দিকে জুনাইদ তার বন্ধুদের সঙ্গে হালসাপাড়ার রমজান আলীর পুকুরে শাপলা ফুল তুলতে যায়। এ সময় অসাবধানতাবশত সে পুকুরের

পানিতে ডুবে যায়।

পরে তার সঙ্গে থাকা শিশুদের চিৎকার শুনে স্থানীয় লোকজন পুকুরে নেমে খোঁজাখুঁজি শুরু করেন। দুপুর আনুমানিক ১টার দিকে তাকে পুকুর থেকে উদ্ধার করা হয়। তবে ততক্ষণে শিশুটির মৃত্যু হয়েছে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়।

এ ঘটনায় নিহত শিশুর বাবা রুবেল মন্ডল দামুড়হুদা মডেল থানায় অপমৃত্যুর সংবাদ দিয়েছেন। এ বিষয়ে পুলিশের আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলে জানা গেছে।

দামুড়হুদার হাউলীতে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান

ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) সকাল ১০টার দিকে ইউনিয়নের জয়রামপুর রেলস্টেশন-সংলগ্ন এলাকায় এ অভিযান চালানো হয়।

জানা গেছে, দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬-এর অংশ হিসেবে হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে বিভিন্ন স্থানে এ কার্যক্রম পরিচালনা করা হয়। এতে অংশ নেন উপজেলা প্রশাসনের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের প্রতিনিধি, বিএনপির নেতাকর্মী ও গ্রাম পুলিশ সদস্যরা।

অভিযানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, সংরক্ষিত নারী সদস্য রওশন আরা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও গ্রাম পুলিশ সদস্যরা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা লাভলী ইয়াসমিন বলেন, “সরকারের ঘোষণার পরিপ্রেক্ষিতে সারা দেশে প্রতি শনিবার ক্লিন ডে পালনের উদ্যোগ

নেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলার সব ইউনিয়নের বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে। সবাইকে যথাযথভাবে এ কার্যক্রম পালনের নির্দেশনা দেওয়া হয়েছে। কেউ এ নির্দেশনা পালন না করলে তাকে জবাবদিহির আওতায় আনা হবে।”

দামুড়হুদায় সড়কে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় সড়ক দুর্ঘটনায় নিহত এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার রাত ৩টার দিকে উপজেলার লোকনাথপুর ফায়ার সার্ভিস স্টেশনের অদূরের সড়ক থেকে মরদেহটি উদ্ধার করা হয়। তবে এখনো নিহত ব্যক্তির পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি।

পুলিশ সূত্রে জানা গেছে, লোকনাথপুর ফায়ার সার্ভিস স্টেশনের অদূরে সড়কে ওই ব্যক্তির মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেওয়া হয়। পরে দামুড়হুদা মডেল থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে থানায় নিয়ে যায়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন বলেন, নিহত ব্যক্তির পরিচয় এখনো শনাক্ত করা সম্ভব হয়নি।

মরদেহটি আঞ্জুমান মুফিদুল ইসলাম সংগঠনের মাধ্যমে দাফনের ব্যবস্থা করা হবে। পরিচয় শনাক্ত না হওয়ায় তাঁর নাম-ঠিকানা সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।